

## Model Activity Task

### Class 8

### History ( Part -2)

১. অষ্টাদশ শতকে মুঘল শাসন কাঠামো বিপর্যয়ের সম্মুখীন হয়েছিল। এই বিপর্যয়ের কারণগুলি তুমি কীভাবে ব্যাখ্যা করবে ?

**উত্তর :-** মুঘল সাম্রাজ্যের বিপর্যয়ের কারণ গুলি নিম্নরূপ -

১। সম্রাট জাহাঙ্গীর ও শাহজাহানের সময় থেকে যে সব রাজনৈতিক দুর্বলতা দেখা দিচ্ছিল তা ঔরংজেবের মৃত্যুর পর আর স্পষ্ট হয়ে ওঠে। ঔরংজেবের অযোগ্য উত্তরাধিকারীরা সেই দুর্বলতা আর কাটিয়ে উঠতে পারে না।

২। অষ্টাদশ শতকে মুঘল সম্রাটরা কোনো সামরিক সংস্কার করে নি। ফলে ভিতরের বিদ্রোহ হোক আর বাইরের আক্রমণ দুর্বল সামরিক ব্যবস্থা তা মোকাবিলা করতে ব্যর্থ হয়।

৩। শিবাজী ও মারাঠাদের আক্রমণ, নাদির শাহের নেতৃত্বে পারসিক আক্রমণ ও আহমেদ শাহ আবদালির নেতৃত্বে দিল্লি ধ্বংস হয়ে গেছিল

৪। জায়গিরদারি ও মনসবদারি ব্যবস্থার ফলে ভূমিরাজস্বের নানা গরমিল দেখা দেয়, জায়গির পাওয়ার দলাদলি অভিজাতদের মধ্যে দ্বন্দ্ব তৈরি করে। এই আয় ব্যয়ের গরমিল বাস্তবে কৃষি ব্যবস্থার উপর চাপ তৈরি করে যার ফলে হয় কৃষক বিদ্রোহ হয়।

৫। শাসন কাঠামোর দুর্বলতার সুযোগে বিভিন্ন আঞ্চলিক শক্তিগুলি মাথাচাড়া দিয়ে ওঠে। ফলে মুঘল সাম্রাজ্য বিভিন্ন অঞ্চলে বিভক্ত হয়ে পড়ে, আর কেন্দ্রীয় শাসনের আওতায় তারা থাকে না।

ইত্যাদি নানাবিধ কারণে অষ্টাদশ শতকে মুঘল শাসন কাঠামো বিপর্যয়ের সম্মুখীন হয়েছিল।

২. জমি জরিপ ও রাজস্ব নির্ণয়ের ক্ষেত্রে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির পদক্ষেপগুলির একটি তালিকা তৈরি কর।

**উত্তর:-** 1770 খ্রিস্টাব্দে মুর্শিদাবাদে কম্পট্রোলিং কাউন্সিল অফ রেভিনিউ

নামের একটি সংগঠন গঠন করা হয়েছিল। জমি জরিপ ব্যবহার করার রাজস্ব নির্ধারণের জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল সেগুলি নিচে আলোচনা করা হলো

১. জেমস রেনেল এর বাংলার নদীপথ জরিপ করা ,

২. আলাদা আলাদা **16** টি মানচিত্র তৈরি করে জরিপ করা,

৩. **ইজারাদারি ব্যবস্থা:** যে ব্যক্তি জমির নিলামে সবথেকে বেশি খাজনা দেওয়ার ডাক দেবে তার সঙ্গে কম্পানি ওই জমির বন্দোবস্ত করবে। আর এটি পাঁচ বছরের জন্য ওই ব্যক্তিকে জমির মালিকানা বা ইজারা দেওয়া হতো। এটি ইজারাদারি ব্যবস্থা নামে পরিচিত।

**৪.10 সাল বন্দোবস্ত:** ইজারাদারি ব্যবস্থাতে অনেক সমস্যা দেখা দিয়েছিল। ফলস্বরূপ ঠিকমতন রাজস্ব নির্ণয় করতে পারত না এই ইজারাদার মালিকরা। তাই **1790** সালে কোম্পানি দশশালা বন্দোবস্ত চালু করে ইজারাদার ব্যবস্থার পরিবর্তন।

**৫. চিরস্থায়ী বন্দোবস্ত ,** লর্ড কর্নওয়ালিস বাংলায় দশশালা বন্দোবস্ত অনেক সমস্যা দেখে তার পরিবর্তে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থা চালু করেছিলেন।

**৬. সূর্যস্তু আইন:** এছাড়া জমিদার নির্দিষ্ট দিনে সূর্যাস্তের আগে রাজস্ব দিতে না পারার জন্য আইন করেছিলেন সেটা হচ্ছে সূর্যস্তু আইন , যার দ্বারা সেই জমিদারের জমি বাজেয়াপ্ত করা হত।

**৩. উপযুক্ত তথ্য দিয়ে নীচের ছকটি পূরণ করো—**

	অধীনতামূলক মিত্রতা নীতি	সত্ববিলপ নীতি
গভর্নর জেনারেল	লর্ড ওয়েলেসলি	লর্ড ডালহৌসি
সময়কাল	১৭৯৯	১৮৫৬
প্রভাবিত রাজ্য	১. হায়দ্রাবাদের নিজাম , ২. মারাঠা	১. সাতারা , ২. বাঁশি

মূলনীতি	<p>১. অধীনতামূলক মিশ্র চুক্তিতে স্বাক্ষরকারী ভারতীয় মিত্র রাজ্যকে কে কোম্পানি বৈদেশিক মন ও অভ্যন্তরীণ বিশ্ব থেকে রক্ষা করবে।</p> <p>২. কোম্পানির বিনা অনুমতিতে স্বাক্ষরকারী রাজ্য কোন যুদ্ধ বিদ্রোহে জড়িতে পারবে না।</p>	<p>১. কোম্পানির দ্বারা সৃষ্ট দেশীয় রাজার রাজার পুরো না থাকলে রাজারা দণ্ডক নিতে পারবেননা এবং সেই রাজা সরাসরি ব্রিটিশ সাম্রাজ্য ভুক্ত হবে।</p> <p>২. দেশিও স্বাধীন রাজ্য গুলির সম্পর্কে কোম্পানি নিরপেক্ষ থাকবে</p>
---------	--	--

### History Part 3

#### Class- VIII (MCQ)

#### তৃতীয় অধ্যায় : ঔপনিবেশিক কর্তৃত্ব প্রতিষ্ঠা

সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ :

- সেন্ট জর্জ দুর্গদেখা যায়— (a) বাংলা (b) মাদ্রাজ (c) বোম্বাই (d) দিল্লি প্রেসিডেন্সিতে
- ফোর্ট উইলিয়ম কলেজ প্রতিষ্ঠা করেন— (a) লর্ড কর্ণওয়ালিস (b) ওয়ারেন হেস্টিংস (c) লর্ড ওয়েলেসলি (d) লর্ড কার্জন
- ইজারাদারি ব্যবস্থা প্রবর্তিত হয়- (a) ১৭৭০ খ্রিস্টাব্দে (b) ১৭৭১ খ্রিস্টাব্দে (c) ১৭৭২ খ্রিস্টাব্দে (d) ১৭৭৩ খ্রিস্টাব্দে
- সিভিল সার্ভিস ব্যবস্থা ভারতে প্রবর্তন করেন— (a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড কর্ণওয়ালিস (c) লর্ড ক্লাইভ (d) লর্ড ডালহৌসি
- কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়— (a) ১৮১৩ খ্রিস্টাব্দে (b) ১৮৩৩ খ্রিস্টাব্দে (c) ১৮৫৪ খ্রিস্টাব্দে (d) ১৮৫৭ খ্রিস্টাব্দে

6. সুপ্রিম কোর্টের প্রথম প্রধান বিচারপতি ছিলেন— (a) ওয়ারেন হেস্টিংস (b) উইলিয়ম কেরি (c) স্যার এলিজা ইম্পে (d) চার্লস উড

7. ভারতে শিক্ষা ব্যবস্থায় 'চুঁইয়ে পড়া নীতি'-র প্রবক্তা ছিলেন- (a) টমাস মেকলে (b) চার্লস উড (c) লর্ড বেন্টিন্গ (d) ডিভিড হেয়ার

8. কলকাতা ভারতের রাজধানীতে পরিণত হয়— (a) পিটের ভারত শাসন আইন (b) রেগুলেটিং অ্যাক্ট (c) চার্টার অ্যাক্ট (d) সিভিল সার্ভিস অ্যাক্ট অনুসারে

9. ওয়ারেন হেস্টিংস কলকাতা মাদ্রাসা প্রতিষ্ঠা করেন — (a) ১৭৭১ খ্রিস্টাব্দে (b) ১৭৭৫ খ্রিস্টাব্দে (c) ১৭৭৭ খ্রিস্টাব্দে (d) ১৭৮১ খ্রিস্টাব্দে

10. A Code of Gentoo Law এর রচয়িতা হলেন— (a) নাথানিয়েল হালেদ (b) উইলিয়ম জোন্স (c) জন অ্যান্ড্রুজ (d) উইলিয়ম কেরি